গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১৮.১৫-৩৮৪

১৬ আশ্বিন ১৪২২
তারিখ:-------------------
০১ অক্টোবর ২০১৫

বিষয়: **বিভাগ/জেলা উন্নয়ন সমন্বয় কমিটির গঠন, কার্যপরিধি ও কর্মপদ্ধতি।**

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মাধ্যমে নানামুখী উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থাসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ নিয়মিতভাবে উন্নয়ন প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবেন, এটিই প্রত্যাশিত। তবে, এ সকল উন্নয়ন কার্যক্রমের দ্রুত ও সফল বাস্তবায়ন বহুলাংশে নির্ভর করে মাঠ পর্যায়ে অন্যান্য দপ্তরের সহায়তা ও সহযোগিতার ওপর। এ সহায়তা ও সহযোগিতা নিশ্চিতকরণে আন্তঃবিভাগীয় সমন্বয় অপরিহার্য। যথাযথ প্রকল্প চিহ্নিতকরণ, যুক্তিসঙ্গতভাবে প্রকল্প-এলাকা নির্ধারণ, দ্বৈততা পরিহার এবং সঠিকভাবে সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রেও স্থানীয় পর্যায়ে সমন্বয়ের গুরুত্ব অনস্বীকার্য। এ প্রেক্ষাপটে বিভাগ ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটিসমূহ অত্যন্ত গঠনমূলক ভূমিকা পালন করে চলেছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন-কার্যক্রম বহগুণ বৃদ্ধি পেয়েছে এবং প্রশাসনিক কাঠামো উত্তরোত্তর বিস্তৃত ও শক্তিশালী হয়েছে। এমতাবস্থায়, দেশের উন্নয়ন-কার্যক্রম আরও গতিশীল ও ফলপ্রসূ করার নিমিত্ত বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল:

## বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি

**(ক) গঠন** (সর্বক্ষেত্রে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| বিভাগীয় কমিশনার | : | সভাপতি |
| উন্নয়ন-কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভাগীয় পর্যায়ের দপ্তর-প্রধানগণ | : | সদস্য |
| পরিচালক, স্থানীয় সরকার | : | সদস্য |
| সংশ্লিষ্ট বিভাগের জেলা প্রশাসকগণ | : | সদস্য |
| সংশ্লিষ্ট বিভাগের সিটি করপোরেশন/করপোরেশনসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| সংশ্লিষ্ট বিভাগের জেলা পরিষদসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ | : | সদস্য |
| সংশ্লিষ্ট বিভাগের জোনাল সেটেলমেন্ট অফিসারগণ | : | সদস্য |
| অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | : | সদস্য-সচিব |

উক্ত কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগে অবস্থিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানের প্রধান কিংবা তাঁর উপযুক্ত প্রতিনিধিকে কমিটিতে সহযোজন (co-opt) করতে কিংবা কোন সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**(খ) কার্যপরিধি:**

- বিভিন্ন অধিদপ্তর/সংস্থার আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
- জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রম পরিবীক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে উক্ত কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

- জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রমে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হলে তা দূরীকরণের ব্যবস্থা গ্রহণ;
- সময়ে সময়ে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি পরিদর্শন এবং প্রকল্প/কর্মসূচি-সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- দেশের কিংবা সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে কোন প্রকল্প/কর্মসূচির প্রভাব (impact) পর্যালোচনা;
- উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনাপূর্বক সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
- কমিটির সুপারিশ/সিদ্ধান্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ; এবং
- প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর থেকে প্রাসঙ্গিক তথ্য/প্রতিবেদন সংগ্রহ, সেগুলি পর্যালোচনা এবং প্রয়োজনে এ সম্পর্কিত বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ।

**(গ) কর্মপদ্ধতি:**

- প্রতি দুই মাস অন্তর একটি নির্ধারিত তারিখে সভার আয়োজন;
- নির্ধারিত তারিখে ছুটি থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে সভার আয়োজন;
- জরুরি প্রয়োজনে দুই মাস অতিক্রান্ত হওয়ার পূর্বেই সভা আহ্বান;
- সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সভার কার্যপত্র প্রণয়ন;
- সভায় সদস্যগণের উপস্থিতি নিশ্চিতকরণ; এবং
- সভার কার্যবিবরণী দ্রুত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ।

**<u>জেলা উন্নয়ন সমন্বয় কমিটি</u>**

**(ক) গঠন** (সর্বক্ষেত্রে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| জেলা প্রশাসক | : | সভাপতি |
| উন্নয়ন কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ | : | সদস্য |
| জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা | : | সদস্য |
| সংশ্লিষ্ট জেলার উপজেলা পরিষদসমূহের চেয়ারম্যানগণ | : | সদস্য |
| উপ-পরিচালক, স্থানীয় সরকার | : | সদস্য |
| সংশ্লিষ্ট জেলার পৌরসভাসমূহের মেয়রগণ | : | সদস্য |
| উপজেলা নির্বাহী অফিসারগণ | : | সদস্য |
| অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | : | সদস্য-সচিব |

উক্ত কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জেলা পর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট জেলায় অবস্থিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধিকে কমিটিতে সহযোজন (co-opt) করতে কিংবা কোন সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**(খ) কার্যপরিধি:**

- বিভিন্ন অধিদপ্তর/সংস্থার আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
- সময়ে সময়ে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি পরিদর্শন এবং প্রকল্প/কর্মসূচি-সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

- উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনাপূর্বক বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি/সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
- দেশের কিংবা সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে কোন প্রকল্প/কর্মসূচির প্রভাব (impact) পর্যালোচনা;
- প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নাকারী দপ্তর থেকে প্রাসঙ্গিক তথ্য/প্রতিবেদন সংগ্রহ, সেগুলি পর্যালোচনা এবং প্রয়োজনে এ সম্পর্কিত বিষয়ে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি/সরকারের দৃষ্টি আকর্ষণ;
- কমিটির সুপারিশ/সিদ্ধান্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ; এবং
- বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির পরামর্শ পর্যালোচনান্তে বাস্তবায়ন।

**(গ) কর্মপদ্ধতি:**

- প্রতিমাসে একটি নির্ধারিত তারিখে সভার আয়োজন;
- নির্ধারিত তারিখে ছুটি থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে সভার আয়োজন;
- প্রয়োজনবোধে জরুরি সভা আহ্বান;
- সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সভার কার্যপত্র প্রণয়ন;
- সভায় সদস্যগণের উপস্থিতি নিশ্চিতকরণ;
- সভার কার্যবিবরণী দ্রুত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ; এবং
- কমিটির কার্যক্রম সম্পর্কে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি এবং সরকারকে নিয়মিতভাবে অবহিতকরণ।

২। বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কার্যকারিতা নির্ভর করে প্রধানত সভার কার্যপত্র প্রণয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক যথাসময়ে তথ্যাদি প্রেরণ, সভায় সদস্যদের ব্যক্তিগত উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টার ওপর। জনস্বার্থ বিবেচনায় সরকার সমন্বয় কমিটিসমূহের কার্যক্রমের ওপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। উল্লেখ্য, বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় প্রত্যেক সদস্যের উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। বিষয়টি যথাযথভাবে পরিবীক্ষণের সুবিধার্থে সমন্বয় কমিটির সদস্যগণের উপস্থিতি সম্পর্কিত প্রতিবেদন নিয়মিতভাবে প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২১.৮.১৪ তারিখের ০৪.৫১২.০৮২.০০.০০০০.০০২.২০১০-২২৩ সংখ্যক স্মারকে সভাপতিগণকে নির্দেশনা দেওয়া হয়েছে।

৩। এ স্মারকের বিধানাবলি অবিলম্বে কার্যকর হবে এবং এগুলি বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটি সম্পর্কে ইতঃপূর্বে জারিকৃত সকল স্মারক/আদেশের ওপর প্রাধান্য পাবে।

০১.১০.১৫

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ০২-৯৫৭৩৮৩৩

বিতরণ:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ----------------------মন্ত্রণালয়/বিভাগ।

৩। বিভাগীয় কমিশনার, --------------------------------------(সকল)।

৪। জেলা প্রশাসক,---------------------------------------------(পার্বত্য জেলাসমূহ ব্যতীত সকল জেলা)।